# ঢাকা বোর্ড-২০১৭

## পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ ভারতীয়দের স্বার্থ সংরক্ষণের জন্য ১৮৮৫ সালে সর্বপ্রথম এ উপমহাদেশে একটি রাজনৈতিক দলের উদ্ভব ঘটে। মুসলমানগণও তাদের স্বার্থ এবং দাবি-দাওয়া পূরণের উদ্দেশ্যে আরো একটি রাজনৈতিক দল গঠন করেন। দল দুটি প্রাথমিক পর্যায়ে বৃটিশদের প্রতি আনুগত্য দেখায়। পরবর্তীতে দল দুটির নেতৃত্বে ভারত বিভক্ত হয়ে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়।


ক. দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে? ১

খ. প্রাদেশিক স্বায়ত্তশাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন কোন রাজনৈতিক দলের কথা বলা হয়েছে? যে কোনো একটি রাজনৈতিক দলের লক্ষ্য উদ্দেশ্য আলোচনা কর। ৩

ঘ. ভারত বিভক্তিতে উক্ত দল দুটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

২.▶ ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. দ্বৈত শাসন' কী? ১

খ. লাহোর প্রস্তাবের মূল বক্তব্য কী ছিল? ২

গ. উদ্দীপকে [?] চিহ্নিত স্থানে কোন ভারত শাসন আইনের কথা বলা হয়েছে— ব্যাখ্যা কর। ৩

Teachingbd24.com

https://teachingbd24.com

ঘ. উক্ত ভারত শাসন আইন অনুসারে প্রাদেশিক স্বায়ত্তশাসনের কার্যকারিতা আলোচনা কর। ৪

৩. ★ জনাব 'ক' দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন এবং অল্প বয়সে বাবা মাকে হারান। তিনি কোনো বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার সুযোগ পাননি। তবে ধর্মীয় শিক্ষায় শিক্ষিত হন। বৃটিশ বিরোধী আন্দোলন, দরিদ্র কৃষক শ্রমিকের স্বার্থ সংরক্ষণে তিনি আজীবন আন্দোলন করে গেছেন। তার জীবনযাপন ছিল অতি সাধারণ। তাকে মজলুম জননেতা হিসেবে আখ্যায়িত করা হয়।

ক. কোন কর্মসূচিকে বাঙালির মুক্তির সনদ বলা হয়? ১

খ. ফরায়েজী আন্দোলন বলতে কী বোঝ? ২

গ. জনাব 'ক' এর সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন নেতার কর্মকাণ্ডের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষকদের স্বার্থ আদায় ও জন অধিকার প্রতিষ্ঠায় উক্ত নেতার ভূমিকা আলোচনা কর। ৪

৪. ▶ রাজধানীর শ্যামপুর থানার একটি মামলায় বিনা বিচারে প্রায় দেড় দশক ধরে কারাগারে ছিলেন চান মিয়া। এ বিষয়ে বেসরকারি একটি চ্যানেলে সংবাদ প্রচারিত হলে সর্বোচ্চ আদালতের নজরে আনেন দুই আইনজীবী। সর্বোচ্চ আদালত চান মিয়াকে জামিন এবং ৯০ দিনের মধ্যে নিম্ন আদালতকে মামলা নিষ্পত্তির নির্দেশ দেন।

ক. বাংলাদেশের শাসন বিভাগের প্রধান কে? ১

খ. বিচার বিভাগীয় পর্যালোচনা কী? ২

গ. উদ্দীপকে বাংলাদেশের কোন আদালতের কথা উল্লেখ করা হয়েছে? এর গঠন বর্ণনা কর। ৩

ঘ. আইনের শাসন প্রতিষ্ঠায় উদ্দীপকে উল্লিখিত আদালতের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৫. ★ ব্রিটেনের সরকার প্রধান জনগণের ভোটে নির্বাচিত হন। কিন্তু রাষ্ট্রপ্রধান উত্তরাধিকার সূত্রে দায়িত্বপ্রাপ্ত হন। সে দেশের সরকার প্রধান আইন প্রণয়নে নেতৃত্ব দেন। তবে তিনি আইনসভায় জবাবদিহি করতে বাধ্য। শাসন বিভাগের প্রধান হিসেবে ব্রিটেনের রাষ্ট্র প্রধানের নামে সকল কার্য সম্পাদিত হয়।

ক. জাতীয় সংসদের অধিবেশন কে আহ্বান করেন? ১

খ. বাংলাদেশের আইনসভার গঠন লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্রিটেনের সরকার প্রধানের সাথে বাংলাদেশের সরকার প্রধানের সাদৃশ্য দেখাও। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্র প্রধানের সাথে বাংলাদেশের রাষ্ট্র প্রধানের পদমর্যাদাগত পার্থক্য নির্ণয় কর। ৪

৬. ▶ স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে 'X' প্রতিষ্ঠানের সংখ্যা ১১টি। 'X' স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হাসপাতাল, স্বাস্থ্য ক্লিনিক ও ঘরবাড়ি নির্মাণের অনুমতি দিয়ে থাকে। নির্বাচিত প্রতিনিধিগণ ও জনগণের সক্রিয় ভূমিকায় 'X' প্রতিষ্ঠানের কার্যক্রম সাধিত হয়।


ক. পৌরসভার প্রধানকে কী বলা হয়? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে 'X' কোন স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান? উক্ত প্রতিষ্ঠানের কার্যাবলি আলোচনা কর ৩

ঘ. 'X' প্রতিষ্ঠানকে অধিক কার্যকর করার ক্ষেত্রে জনগণের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৭. ★ ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. ১৯৫৮ সালে কে পাকিস্তানে সামরিক শাসন জারি করেন? ১

খ. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন নির্বাচনের ইঙ্গিত রয়েছে? উক্ত নির্বাচনের প্রেক্ষাপট বর্ণনা কর। ৩

ঘ. উক্ত নির্বাচনে কোন জোট জয়লাভ করে এবং তাদের বিজয়ের কারণসমূহ আলোচনা কর ৪

৮. ▶ মি: 'Y' একজন সিনিয়র আইনজীবী। তিনি যে কোনো আদালতে বক্তব্য পেশ করতে পারেন। সরকারের পক্ষে আইনের জটিল প্রশ্নে মতামত দেন। তার কর্মকাণ্ডের ওপর সরকারের ভাবমূর্তি নির্ভর করে। তবে রাষ্ট্রপতির ইচ্ছানুযায়ী তাকে অপসারণ করা যায়।

ক. বাংলাদেশের সংবিধানের অভিভাবক কে? ১

খ. সাংবিধানিক প্রতিষ্ঠান বলতে কী বোঝ? ২

গ. মি: 'Y' কোন ধরনের সাংবিধানিক পদে অধিষ্ঠিত আছেন? তার ক্ষমতা ব্যাখ্যা কর। ৩

Teachingbd24.com

ঘ. আইনের শাসন প্রতিষ্ঠায় মি: 'Y' এর ভূমিকা আলোচনা কর। ৪

৯. ▶নির্বাচন প্রতিনিধি বাছাইয়ের উত্তম পন্থা। বাংলাদেশে নিয়মিত স্থানীয় ও জাতীয় পর্যায়ের নির্বাচন অনুষ্ঠিত হয়। এখানে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি নির্বাচনের পদ্ধতি ভিন্ন। স্থানীয় ও জাতীয় নির্বাচনসমূহে বাংলাদেশের জনগণ স্বতস্ফূর্তভাবে ভোট দেয়।

ক. দশম জাতীয় সংসদ নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়? ১

খ. নির্বাচকমণ্ডলী বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশের নির্বাচন ব্যবস্থার বৈশিষ্ট্যসমূহ উল্লেখ কর। ৩

ঘ. বাংলাদেশের নির্বাচন ব্যবস্থায় নাগরিকদের ভূমিকা আলোচনা কর। ৪

১০. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সমগ্র ইউরোপ অর্থনৈতিক সংকটে নিপতিত হয়। এ পরিস্থিতি থেকে উত্তরণের লক্ষ্যে অভিন্ন বাজার ব্যবস্থা ও মুদ্রা প্রতিষ্ঠাসহ আরো কিছু উদ্দেশ্যে ইউরোপের অধিকাংশ দেশের সমন্বয়ে গঠিত হয় একটি অর্থনৈতিক ও রাজনৈতিক জোট। এ জোট বাংলাদেশী পণ্যের বড় বাজার। এ ছাড়াও এ জোটের সাথে বাংলাদেশের রয়েছে বহুবিধ সম্পর্ক।

ক. সার্কের সদর দপ্তর কোথায় অবস্থিত? ১

খ. জোট নিরপেক্ষ আন্দোলন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে যে অর্থনৈতিক ও রাজনৈতিক জোটের কথা বলা হয়েছে তার উদ্দেশ্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জোটের সাথে বাংলাদেশের সম্পর্ক আলোচনা কর। ৪

১১. জনি, রনির বড় ভাই। রনি ২০১৬ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষায় বৃত্তি পেয়েছে। অন্যদিকে জনি কথা বলতে পারে না। তাই স্থানীয় স্কুলে তাকে ভর্তি করানো যায়নি। তার সমবয়সীরা তাকে খেলায় নিতে চায় না। এ কারণে জনি ও তার বাবা-মায়ের মন খারাপ থাকে। জনির সাথে রনির খুব বন্ধুত্ব। জনি সুন্দর ছবি আঁকতে পারে। তার বাবা তার জন্য রং ও ছবি আঁকার বই কিনে দিয়েছে। জনি এখন ছবি আঁকা নিয়ে ব্যস্ত।

ক. C.F.C. (সি.এফ.সি) কী? ১

খ. খাদ্যে ভেজাল বলতে কী বোঝ? ২

গ. জনির প্রতিবন্ধীজনিত সমস্যাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. জনির সমস্যা সমাধানে এবং তাকে স্বাভাবিক জীবনযাপনের ক্ষেত্রে সহায়তা করার জন্য কী কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন তা আলোচনা কর। ৪

Teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ০ |


সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**নিচের ছকটি লক্ষ্য কর এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:**




১. **ছকে বর্ণিত '?' চিহ্নিত স্থানে নিচের কোনটি বসবে?**
ⓚ নির্বাচন কমিশন
ⓚ কর কমিশন
ⓖ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন
ⓖ তদন্ত কমিশন

২. **ছকে বর্ণিত '?' চিহ্নিত প্রতিষ্ঠানটির কাজ হলো—**
i. জাতীয় ও স্থানীয় পর্যায়ের দুর্নীতি তদন্ত করা
ii. জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন পরিচালনা করা
iii. জাতীয় পরিচয়পত্র ও ভোটার তালিকা প্রণয়ন করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩. ★ **প্রধানমন্ত্রীকে নিয়োগ দেন কে?**
ⓚ প্রধান বিচারপতি ⓚ স্পিকার
ⓖ জাতীয় সংসদ ⓖ রাষ্ট্রপতি

৪. **জলবায়ু পরিবর্তনের ফলে—**
i. সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পায়
ii. যোগাযোগ ব্যবস্থায় বিঘ্ন ঘটে
iii. এসিড বৃষ্টি হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
শাহেদা সরকারের নিবন্ধিত একটি সংস্থার মাঠকর্মী। তার সংস্থাটি দেশ ও বিদেশ হতে অর্থ সংগ্রহ করে। নিজের এলাকায় গরীবদের জন্য কাজ করতে পারায় শাহেদা আনন্দিত।

৫. **শাহেদার সংস্থাটি কোন ধরনের?**
ⓚ সরকারি সংস্থা ⓚ এন.জি.ও
ⓖ সাংবিধানিক সংস্থা
ⓖ সামাজিক প্রতিষ্ঠান

৬. **কৃষকদের কল্যাণে শেরে বাংলার অবদান হলো—**
i. কৃষি ঋণ ও প্রজাস্বত্ব আইন পাশ
ii. ঋণ সালিশি বোর্ড গঠন
iii. কুখ্যাত "লাইন প্রথার" বিরুদ্ধে আন্দোলন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭. **সংবিধানের ষোড়শ সংশোধনীতে গৃহীত হয়—**
ⓚ জাতীয় সংসদের কাছে বিচারপতিদের অপসারণ ক্ষমতা অর্পণ
ⓚ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত করা
ⓖ জাতীয় সংসদে ৫০টি মহিলা আসন সংরক্ষণ করা
ⓖ সকল অফিসে প্রধানমন্ত্রীর ছবি সংরক্ষণ ও প্রদর্শন

৮. ★ **দ্বাদশ সংশোধনীর বৈশিষ্ট্য হলো—**
ⓚ রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি
ⓚ সংসদীয় ব্যবস্থার পুনঃপ্রবর্তন
ⓖ রাষ্ট্র ধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতি প্রদান
ⓖ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন

৯. **১৯৭২ সালের কোন তারিখে বাংলাদেশ সংবিধান কার্যকর হয়?**
ⓚ ৭ মার্চ ⓚ ২৬ মার্চ
ⓖ ১০ ডিসেম্বর ⓖ ১৬ ডিসেম্বর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
"একটি সিটি কর্পোরেশন নির্বাচনে শামীমের মা 'ক' দল হতে প্রধান পদে মনোনয়ন পান। অপরদিকে রহিমের বাবা 'খ' দল থেকে মনোনয়ন পান। উভয়েই পরিচ্ছন্ন নগর, উন্নত নাগরিক জীবন গড়ার প্রতিশ্রুতি দেন। নির্বাচনে শামীমের মা বিপুল ভোটে জয়যুক্ত হন। নির্বাচন পরবর্তী সময়ে উভয় প্রার্থী ভবিষ্যতে উন্নত নগর পরিকল্পনা নিয়ে যৌথভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

১০. **উদ্দীপকে শামীমের মা কোন পদটিতে জয়লাভ করেন?**
ⓚ কাউন্সিলর ⓚ সংসদ সদস্য
ⓖ মেয়র ⓖ চেয়ারম্যান

১১. **উদ্দীপকের এ ধরনের নির্বাচনে ফলে—**
i. গণতান্ত্রিক শাসনের প্রতি আগ্রহের সৃষ্টি হয়
ii. স্থানীয় সমস্যাগুলো সমাধান করার সুযোগ পাওয়া যায়
iii. প্রশাসনে কেন্দ্রিকরণ নীতি প্রতিষ্ঠিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১২. ★ **বাংলাদেশে এ পর্যন্ত কতবার জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়?**
ⓚ ৮ ⓚ ৯ ⓖ ১০ ⓖ ১১

১৩. **নিম্নের কোন জাতীয় সংসদ নির্বাচনটি তত্ত্বাবধায়ক সরকারে অধীনে অনুষ্ঠিত হয়?**
ⓚ চতুর্থ ⓚ ষষ্ঠ
ⓖ অষ্টম ⓖ দশম

Teachingbd24.com

১৪. রায়হানের বাবা রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন। সংবিধান অনুযায়ী তাকে কোনো আদালত গ্রেফতারি পরোয়ানা জারি করতে পারে না। রায়হানের বাবা কোন পদে অধিষ্ঠিত?
ⓚ রাষ্ট্রপতি ⓚ প্রধানমন্ত্রী
ⓖ স্পিকার ⓖ প্রধান বিচারপতি

১৫. রাষ্ট্রপতির অনুপস্থিতিতে তার দায়িত্ব পালন করেন কে?
(ক) প্রধানমন্ত্রী (খ) প্রধান বিচারপতি
(গ) আইনমন্ত্রী (ঘ) স্পিকার

১৬. ★ স্থানীয় সরকারের কাজ হলো—
(ক) সরকারের নীতি নির্ধারণ করা
(খ) সরকারের নীতি বাস্তবায়ন করা
(গ) স্থানীয় পর্যায়ে নেতৃত্ব গড়ে তোলা
(ঘ) সুষ্ঠু জনমত গড়ে তোলা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সম্প্রতি 'ক' কলেজের একজন ছাত্রী বখাটে দ্বারা আক্রান্ত হওয়ায় তার সহপাঠীরা প্রতিবাদের ঝড় তোলে। প্রশাসনের হস্তক্ষেপে বখাটে ছেলেটি গ্রেফতার হয়। সকলেই উক্ত ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে।

১৭. উদ্দীপকে ছাত্রীর আক্রান্ত হওয়াকে কী বলে?
(ক) সন্ত্রাস (খ) ইভটিজিং
(গ) রাহাজানি (ঘ) ছিনতাই

১৮. উদ্দীপকের ঘটনা প্রতিরোধে প্রয়োজন—
i. ধর্মীয় অনুশাসনের চর্চা
ii. পারিবারিক ও সামাজিক সচেতনতা সৃষ্টি
iii. নারীদের প্রতি নেতিবাচক দৃষ্টিভঙ্গি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. OIC গঠনের উদ্দেশ্য হলো—
(ক) আরব রাষ্ট্রসমূহের মধ্যে সম্পর্ক স্থাপন
(খ) সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে ভ্রাতৃত্ব ও সংহতি বৃদ্ধি করা
(গ) মধ্যপ্রাচ্যের রাষ্ট্রগুলোর সাথে বন্ধুত্ব স্থাপন
(ঘ) এশিয়ার রাষ্ট্রসমূহের মধ্যে সম্পর্ক স্থাপন

২০. AIDS এর পূর্ণরূপ কোনটি?
(ক) Acquired immune deficiency syndrome
(খ) Acquired immune deficiency system
(গ) Achieved immune deficiency syndrome
(ঘ) Achieved immune deficiency system

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব মোহাম্মদ মহিউদ্দীন বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সহকারি কমিশনার পদে যোগদান করেন। পরবর্তীতে তিনি পদোন্নতি পেয়ে মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান হন।

২১. ★ জনাব মহিউদ্দীনের পদোন্নতিপ্রাপ্ত পদ কোনটি?
(ক) চেয়ারম্যান (খ) সচিব
(গ) মহাপরিচালক (ঘ) উপ-সচিব

২২. ★ মৌলিক অধিকারের রক্ষক কে?
(ক) জাতীয় সংসদ (খ) আইন মন্ত্রণালয়
(গ) অ্যাটর্নি জেনারেল (ঘ) সুপ্রীম কোর্ট

২৩. পলাশীর যুদ্ধে কে পরাজিত হন?
(ক) শহিদ তিতুমীর (খ) সম্রাট জাহাঙ্গীর
(গ) নবাব সিরাজউদ্দৌলা (ঘ) লর্ড ক্লাইভ

২৪. মুসলিম লীগ প্রতিষ্ঠার উদ্দেশ্য হলো—
(ক) অন্যান্য সম্প্রদায়ের সাথে সম্প্রীতি বৃদ্ধি করা
(খ) ব্রিটিশদের সাথে আন্দোলন করা
(গ) গণসচেতনতা সৃষ্টি করা
(ঘ) পৃথক রাষ্ট্র প্রতিষ্ঠা করা

২৫. আইয়ুব খানের মৌলিক গণতন্ত্রের কয়টি স্তর ছিল?
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

২৬. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
(ক) সৈয়দ নজরুল ইসলাম
(খ) তাজউদ্দীন আহমদ
(গ) এ.এইচ.এম. কামরুজ্জামান
(ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**




২৭. ছকে বর্ণিত '?' চিহ্নিত স্থানে কী হবে?
(ক) যুক্তফ্রন্ট নির্বাচন
(খ) অপারেশন সার্চ লাইট
(গ) মৌলিক গণতন্ত্র
(ঘ) ছয়দফা কর্মসূচি

২৮. ছকে বর্ণিত '?' চিহ্নিত বিষয়ের ফলে—
i. পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সম্পর্ক উন্নয়ন হয়
ii. প্রাদেশিক স্বায়ত্তশাসন আন্দোলন ত্বরান্বিত হয়
iii. বাঙালি জাতীয়তাবাদের বিকাশ ঘটে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. ★ ফরায়েজি আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?
(ক) নবাব স্যার সলিমুল্লাহ
(খ) নবাব আবদুল লতিফ
(গ) হাজি মুহাম্মদ মহসিন
(ঘ) হাজি শরীয়তুল্লাহ

৩০. ★ কাকে গণতন্ত্রের মানসপুত্র বলা হয়?
(ক) শেরে বাংলা এ.কে. ফজলুল হক
(খ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
(গ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী
(ঘ) দেশবন্ধু চিত্তরঞ্জন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd24.com